

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৫০৭.২২.২৬৮

তারিখ: ৫ পৌষ ১৪২৯

২০ ডিসেম্বর ২০২২

বিষয়: অভ্যন্তরীণ আমন সংগ্রহ, ২০২২-২৩ মৌসুমে চালকল মালিকদের অনুকূলে চালের পুনঃবরাদ্দ প্রদান।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গত ১৫/১২/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত চালকল মালিকদের সাথে চুক্তি সম্পাদনের সময়সীমা নির্ধারিত ছিল। নির্ধারিত তারিখ পর্যন্ত চালকল মালিকদের সাথে ৩,৭৩,৮৭২ মে.টন চালের চুক্তি সম্পাদিত হয়েছে, যা লক্ষ্যমাত্রার ৭৪.৭৭%। চালের নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে এখনো ১,২৬,১২৮ মে.টন চাল অচুক্তিকৃত রয়েছে। গত ১৮/১২/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত খাদ্য অধিদপ্তরের মাসিক সমন্বয় সভায় কোন উপজেলায় সংগ্রহ লক্ষ্যমাত্রা অর্জনের সম্ভাবনা না থাকলে সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা সংগ্রহ ও মনিটরিং কমিটির সভাপতিকে অবহিত রেখে অন্যান্য উপজেলার ক্রয়কেন্দ্রে লক্ষ্যমাত্রা সমন্বয়পূর্বক যে সকল মিলার চুক্তির চাল ইতোমধ্যে সরবরাহ করেছেন, তাদের মধ্যে থেকে আগ্রহীদের অনুকূলে আগে আসলে আগে পাবেন ভিত্তিতে পুনঃবরাদ্দ প্রদানের বিষয়ে আলোচনা হয়েছে।


এক্ষণে, খাদ্য অধিদপ্তরের মাসিক সমন্বয় সভার আলোচনা এবং অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ অনুযায়ী নিম্নোক্তভাবে সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক আগ্রহী চালকল মালিকদের অনুকূলে পুনঃবরাদ্দ প্রদান করবেন।

(ক) কোন উপজেলায় সংগ্রহ লক্ষ্যমাত্রা অর্জনের সম্ভাবনা না থাকলে জেলা সংগ্রহ ও মনিটরিং কমিটির সভাপতি ও খাদ্য অধিদপ্তরের ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত রেখে অন্যান্য উপজেলার ক্রয়কেন্দ্রে লক্ষ্যমাত্রা সমন্বয় করবেন;

(খ) যে সকল মিলার চুক্তির চাল ইতোমধ্যে সরবরাহ করেছেন, তাদের মধ্যে থেকে আগ্রহীদের অনুকূলে আগে আসলে আগে পাবেন ভিত্তিতে পুনঃবরাদ্দ প্রদান করবেন;

(গ) অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এ যাই কিছুই থাকুক না কেন পুনঃবরাদ্দ প্রদানের ক্ষেত্রে প্রাথমিকভাবে মিলারের সাথে চুক্তিকৃত চালের সর্বোচ্চ পরিমাণের অতিরিক্ত পরিমাণ বরাদ্দ প্রদান করা যাবে না। তবে প্রয়োজনে একই মিলার বরাবরে রিপিট বরাদ্দ প্রদান করা যাবে; এবং

(ঘ) সকল ক্ষেত্রে চালের মান বিনির্দেশসম্মত হতে হবে।



২০-১২-২০২২

মোঃ রায়হানুল কবীর

পরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)

ফোন: +৮৮-০২-৪১০৫০১৭৮

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭

ইমেইল: dproc@dgfood.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) অতিরিক্ত সচিব, সংগ্রহ ও সরবরাহ অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪) জেলা প্রশাসক (সকল)
- ৫) উপসচিব, অভ্যন্তরীণ সংগ্রহ শাখা, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৭) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় খাদ্যমন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৮) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক, (সকল)
- ১০) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।



২০-১২-২০২২

মোঃ রায়হানুল কবীর
পরিচালক